DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Nov 2026, 02:44 PM

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে অভিযান, আটক ৭ দালালের ৫ জনের কারাদণ্ড

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: শুক্রবার, ১৩ নভেম্বর ২০২৬, ০৮:১২ AM



ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালে অভিযান চালিয়ে দালালচক্রের সাত সদস্যকে আটক করেছে জেলা প্রশাসন ও এসআরবি

ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালে অভিযান চালিয়ে দালালচক্রের সাত সদস্যকে আটক করেছে জেলা প্রশাসন ও এসআরবি। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাঁদের মধ্যে পাঁচজনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড এবং দুজনকে অর্থদণ্ড দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) সকালে হাসপাতালের জরুরি ও বহির্বিভাগে যৌথভাবে এ অভিযান পরিচালনা করা হয়।

আটক ব্যক্তিরা হলেন অন্তর মিয়া, জালাল মিয়া, মামুন মিয়া, নার্গিস আক্তার, সাব্বির মিয়া, তাইফ ইসলাম ও শিপন মিয়া।

অভিযান শেষে ভ্রাম্যমাণ আদালত শিপন মিয়াকে দুই হাজার টাকা এবং নার্গিস আক্তারকে তিন হাজার টাকা জরিমানা করেন। অন্য পাঁচজনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেওয়া হয়।

এসআরবি-৯-এর ব্রাহ্মণবাড়িয়া ক্যাম্পের কমান্ডার মো. নূরনবী জানান, গোপন সংবাদের ভিত্তিতে হাসপাতালে এ অভিযান পরিচালনা করা হয়েছে। হাসপাতালকেন্দ্রিক দালালচক্রের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পাশাপাশি এসব দালালকে যারা আশ্রয়-প্রশ্রয় দেয়, তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।

তিনি আরও জানান, জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

এ বিভাগের আরও খবর




ট্যালকম পাউডারের ঘোষণায় রাসায়নিক পণ্য আমদানি, ২৫ টন পণ্যসহ ট্রাক জব্দ
ট্যালকম পাউডার আমদানির ঘোষণা দিয়ে এর আড়ালে উচ্চ শুল্কমূল্যের অন্য রাসায়নিক পণ্য আনার মাধ্যমে রাজস্ব ফাঁকির চেষ্টার অভিযোগ উঠেছে যশোরের বেনাপ...



পৈতৃক বাড়িতে আগুনের ঘটনায় আওয়ামী লীগকে দায়ী করলেন নুসরাত তাবাসসুম
কুষ্টিয়ার দৌলতপুরে নিজের পৈতৃক বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনাকে পরিকল্পিত হামলা বলে দাবি করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক ও সংরক...



বিজয়নগরে তিন প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা জরিমানা
ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার চন্পকনগর বাজারে নিরাপদ খাদ্য ও ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যৌথ অভিযানে তিনটি প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা...



কুষ্টিয়ায় দুই বাড়িতে কাফনের কাপড়, চিরকুটে ১০-১২ দিনের মধ্যে মৃত্যুর হুমকি

কুষ্টিয়ার দৌলতপুরে পৃথক দুটি বাড়ির সামনে কাফনের কাপড়, আগরবাতি, সাবান, গোলাপজল ও হুমকিসংবলিত চিরকুট রেখে গেছে দুর্বৃত্তরা। চিরকুটে দুই ব্যক্ত...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/brahmnbariya-sdr-haspatale-obhijan-atk-7-dalaler-5-jner-karadnd